

যুগান্তর

সরকারি মেডিকেল কলেজে ভর্তিতে ১০৩০ আসন বৃদ্ধি

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ২৩ অক্টোবর ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

দেশে সরকারি মেডিকেল কলেজগুলোতে আরও ১ হাজার ৩০টি আসন বৃদ্ধি করা হয়েছে। আগামী শিক্ষাবর্ষ থেকে শিক্ষার্থীরা বর্ধিত আসনে ভর্তি হতে পারবেন। দেশের মোট ৩৭টি সরকারি মেডিকেল কলেজে প্রতি বছর ভর্তির সুযোগ পান ৪ হাজার ৩৫০ শিক্ষার্থী। নতুন আরও ১ হাজার ৩০ আসনের অনুমোদন দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। এতে সরকারি মেডিকেল কলেজে মোট আসন সংখ্যা দাঁড়িয়েছে ৫ হাজার ৩৮০টি। রোববার স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

প্রতিটি মেডিকেল কলেজে আসন বাড়ছে ২০ থেকে ৬০টি পর্যন্ত। সবচেয়ে বেশি আসন বেড়েছে শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, মানিকগঞ্জের কর্নেল মালেক মেডিকেল কলেজ ও শেখ হাসিনা মেডিকেল কলেজে। শিক্ষক সংকট থাকার পরও কিছু মেডিকেল কলেজে আসন বাড়ানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মোট ৩৭টি সরকারি মেডিকেল কলেজে প্রত্যেক কলেজে কমবেশি আসন সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। বর্ধিত আসনে ২০২২-২৩ শিক্ষাবর্ষের বর্ধিত আসনে ভর্তি হতে পারবে। দ্রুত এটা কার্যকর করা হবে। বিশেষজ্ঞরা মনে করেন, আসন বৃদ্ধির বিষয়টি ইতিবাচক। পাশাপাশি শিক্ষক সংকট সমাধানের তাগিদ দিচ্ছেন তারা। কারণ দক্ষ শিক্ষক তৈরি করতে না পারলে দক্ষ চিকিৎসক তৈরি হবে না।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

